রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৩, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২১ নভেম্বর ২০০৬/৭ অগ্রহায়ণ ১৪১৩

এস. আর. ও নং ৩০৩-আইন/২০০৬।—Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ordinance No. XXVI of 1983) এর section 506 এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

১। শিরোনাম।—এই বিধিমালা বাংলাদেশ মার্চেন্ট শিপিং (কনভেনশন বাস্তবায়ন) বিধিমালা, ২০০৬ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অর্ডিন্যান্স" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983;

(খ) "কনভেনশন" অর্থ তফসিলে উল্লিখিত কনভেনশন এবং উহার অধীনে প্রণীত কোড এবং উহার আলোকে সময়ে সময়ে জারীকৃত সুপারিশমালা, সিদ্ধান্ত ও সার্কুলারও উহার অন্তর্ভুক্ত হইবে;

(গ) "প্রতিষ্ঠান" অর্থ সরকার কর্তৃক অনুমোদিত নৌ-প্রশিক্ষণ, নৌ ও নৌ বন্দর পরিচালনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং নৌযান পরিচালনা কাজে নিয়োজিত সংগঠন।

৩। বিধিমালার প্রয়োগ।—অর্ডিন্যান্স এর ধারা ১ এর উপ-ধারা (৪) ও কনভেনশনে বর্ণিত প্রয়োগ ক্ষেত্রই হইবে এই বিধিমালার প্রয়োগ ক্ষেত্র।

৪। **কনভেনশন অনুসরণে বাধ্যবাধকতা।**—কনভেনশন বাস্তবায়ন কর্মকান্ড পরিচালনার ক্ষেত্রে জাহাজ, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং অর্ডিন্যান্স এর ধারা ১৯ এ বর্ণিত সরকার কর্তৃক অনুমোদিত ক্লাসিফিকেশন সোসাইটিকে কনভেনশনের বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

৫। **কনভেনশন প্রতিপালনে ব্যর্থতা।**—কনভেনশনের বিধানাবলী প্রতিপালনে ব্যর্থ হইলে, সরকার—

(ক) অর্ডিন্যান্সের বিধান প্রযোজ্য হয় এমন জাহাজের ক্ষেত্রে, অর্ডিন্যান্সের ধারা ৩৫৩—৩৬০ অনুসারে ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে; এবং

(খ) প্রতিষ্ঠান বা ক্লাসিফিকেশন সোসাইটির ক্ষেত্রে, ক্ষেত্রমত প্রযোজ্য, ব্যর্থতা নিরসন না করা পর্যন্ত উহাদের চলমান কার্যক্রম স্থগিত রাখিতে পারিবে।

৬। **কনভেনশন পালনের প্রমাণাদি সংরক্ষণ।**—কনভেনশন প্রতিপালনের প্রমাণ হিসাবে—

(ক) বিধি ৪ এর বর্ণিত প্রতিষ্ঠান এবং ক্লাসিফিকেশন সোসাইটিকে কনভেনশন অনুসরণের প্রমাণ স্বরূপ তদকর্তৃক নির্দিষ্টকৃত পন্থায় প্রয়োজনীয় দলিল, কাগজ, তথ্য বা, ক্ষেত্রমত, সনদাদি, মেয়াদ উত্তীর্ণের পর, অন্যূন ৩ (তিন) বৎসর পর্যন্ত যথাযথভাবে সংরক্ষণ করিতে হইবে;

(খ) প্রত্যেক বাংলাদেশী জাহাজ সরকার বা ডিপার্টমেন্ট অব শিপিং কর্তৃক ইস্যুকৃত সনদ ও ডকুমেন্ট স্পষ্টতঃ দৃশ্যমানভাবে জাহাজে লটকাইয়া রাখিবে;

(গ) প্রত্যেক শিপিং কোম্পানী উহার জন্য প্রযোজ্য সকল সনদ এবং উহার নাবিক নিয়োগ, প্রশিক্ষণ ও উহাদের কর্মঘন্টা সংক্রান্ত যাবতীয় রেকর্ডপত্র সংরক্ষণ করিবে;

(ঘ) প্রত্যেক বন্দর স্থাপনা প্রয়োজনীয় কাগজাদি ও রেকর্ড সংরক্ষণ করিবে;

(ঙ) প্রত্যেক নাবিক ও কর্মকর্তা তাহাদের সনদ ও রেকর্ডপত্র কর্মরত জাহাজে সংরক্ষণ করিবে।

## তফসিল

**[ বিধি ২ (খ) দ্রষ্টব্য ]**

১। Convention on the International Maritime Organization (IMO), 1948

২। Convention on Facilitation of International Maritime Traffic, 1965

৩। International Convention on Load Lines, 1966

৪। International Convention on Tonnage Measurement of Ships, 1969

৫। International Convention relating to Intervention on the High Seas in cases of Oil Pollution Casualties, 1969

৬। International Conference on Special Trade Passenger Ships Agreement (STP), 1971

৭। Convention on the International Regulations for Preventing Collisions at Sea, 1972

৮। Protocol on Space Requirements for Special Trade Passenger Ships, 1973

৯। International Convention for the Prevention of Pollution from Ships, 1973, as modified by the Protocol of 1978 relating thereto (MARPOL 73/78) (Annex-I/II)

১০। International Convention for the Prevention of Pollution from Ships, 1973, as modified by the Protocol of 1978 relating thereto (MARPOL 73/78) (Annex-III)

১১। International Convention for the Prevention of Pollution from Ships, 1973, as modified by the Protocol of 1978 relating thereto (MARPOL 73/78) (Annex-IV)

১২। International Convention for the Prevention of Pollution from Ships, 1973, as modified by the Protocol of 1978 relating thereto (MARPOL 73/78) (Annex-V)

১৩। International Convention for the Prevention of Pollution from Ships, 1973, as modified by the Protocol of 1978 relating thereto (MARPOL 73/78) (Annex-VI)

১৪। International Convention for the Safety of Life at Sea (SOLAS), 1974

১৫। Operating Agreement on the International Maritime Satellite Organization (INMARSAT), 1976

১৬। International Convention on Standards of Training, Certification and Watchkeeping for Seafarers, 1978 as amended 1995 (STCW/78) as amended 1995

১৭। Protocol of 1988 relating to the International Convention for the Safety of Life at Sea, 1988

১৮। Protocol of Load Lines, 1988

১৯। Convention for the Suppression of Unlawful Acts Against the Safety of Maritime Navigation (SUA), 1988

২০। 1989 Amendments to the Convention and to the Operating Agreement on the International Maritime Satellite Organization (INMARSAT)

২১। International Convention on Oil Pollution Preparedness, Response and Co-operation 1990 (OPRC'90)

২২। Amendments to the Convention on the International Maritime Organization, 1991.

রাষ্ট্রপতির আদেশক্রমে

শেখ এনায়েত উল্লাহ
সচিব।

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।